# ECONOMICS

## Class-XI

## (Semester - II)

## Paper : Micro Economics & Statistics

**Time : 2 Hours** F.M. : 40

**সাধারণ নির্দেশাবলি:**

**নিম্নের নির্দেশাবলীগুলো যত্ন সহকারে পড়ো এবং প্রশ্নাবলীর উত্তর দাও :**

প্রশ্নপত্রটিতে মোট 12টি প্রশ্ন আছে। (প্রতি প্রশ্নই আবশ্যিক)

1. প্রশ্নপত্রটিতে মোট 12টি প্রশ্ন অতি সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন-1 এবং প্রতিটি প্রশ্নের মান 2।
2. 1-6 নং প্রশ্নগুলো অতি সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন-2 এবং প্রতিটি প্রশ্নের মান 4।
3. 7-10 নং প্রশ্নগুলো অতি সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন-2 এবং প্রতিটি প্রশ্নের মান 6।
4. 11 এবং 12 নং প্রশ্ন দুটি দীর্ঘ উত্তরভিত্তিক এবং প্রতিটি প্রশ্নের মান 6।
5. প্রতিটি প্রশ্নের উত্তর পরিমিত এবং যথাযথ হওয়া আবশ্যিক।
6. ক্ষেত্র বিশেষে প্রশ্ন অনুযায়ী বিকল্প প্রশ্নগুলো লক্ষণীয়।

**নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও :**

1. আন্তর্জাতিক বাণিজ্য থেকে লাভ বলতে কী বোঝো?
2. শুল্ক (taniff) এবং কোটার (Quota) মধ্যে পার্থক্য নিরূপণ করো।
3. উদার বাণিজ্য বলতে কী বোঝো?
4. সমক পার্থক্য কাকে বলে?

অথবা

কোনো একটি কারখানায় নিযুক্ত শ্রমিকদের দৈনিক মজুরির তথ্য থেকে প্রসার নির্ণয় করো।

110, 117, 129, 195, 200, 275, 250 এবং 850।

5. Paasche's সূচক সংখ্যা এবং Las peyre's সূচক সংখ্যার সূত্র দুটি লেখো।

অথবা

পাইকারি মূল্য সূচক (wholesale price index) এবং ভোক্তার মূল্য সূচক (Consumer price index) বলতে কী বোঝো?

6. পাইকারি মূল্য সূচক (WP 1)-এর প্রয়োজনীয়তা লেখো। 8
7. একচেটিয়া এবং একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজারের মধ্যে পার্থক্য লেখো।

অথবা

একজন একচেটিয়া উৎপাদনকারী কি সর্বদা স্বাভাবিকের থেকে বেশি মুনাফা উপার্জন করেন? চিত্রসহ ব্যাখ্যা করো। 4

4

8. অভ্যন্তরীণ বাণিজ্য এবং আন্তর্জাতিক বাণিজ্যের মধ্যে পার্থক্য লেখো। 4

অথবা

তুলনামূলক ব্যয় তত্ত্বের মূল বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।

9. বিক্ষিপ্ত চিত্র Scatter diagram কাকে বলে? দুটি চলরাশি X এবং Y-এর মধ্যে সম্পর্ক নিরূপণে এর ভূমিকা উল্লেখ করো। 4

অথবা

Karl Pearson-এর প্রকরণ সহগ (coefficient of correlation) পদ্ধতিটির সুবিধা এবং অসুবিধা-গুলো আলোচনা করো। 4

10. পিতার উচ্চতা (ইঞ্চিতে) এবং তাদের পুত্রের উচ্চতার (ইঞ্চিতে) মধ্যে পারস্পরিক সম্পর্ক সহগ (correlation coefficient) নির্ণয় করো।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| পিতার উচ্চতা (X) | 65 | 66 | 57 | 67 | 68 | 69 | 70 | 72 |
| পুত্রের উচ্চতা (Y) | 67 | 56 | 65 | 68 | 72 | 72 | 69 | 71 |

4

অথবা

নীচের তথ্যগুলোর উপর ভিত্তি করে পারস্পরিক সম্পর্ক সহগ (correlation coefficient) নির্ণয় করো এবং তাদের মধ্যে সম্পর্ক সম্বন্ধে মন্তব্য করো।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| X | -3 | -2 | -1 | 1 | 2 | 3 |
| Y | 9 | 4 | 1 | 1 | 4 | 9 |

4

11. পূর্ণ প্রতিযোগিতার বাজারের বৈশিষ্ট্যগুলো আলোচনা করো। এই বাজারে স্বল্পকালীন ভারসাম্যের শর্তগুলি চিত্রসহযোগে আলোচনা করো। 2+4=6

অথবা

ব্যক্তিগত দ্রব্য এবং সরকারি দ্রব্যের মধ্যে পার্থক্য লেখো। বাজার ব্যর্থতার কারণগুলো লেখো। বাহ্যিকতা কি বাজার ব্যর্থতার কারণ— তোমার উত্তরের স্বপক্ষে আলোচনা করো। 2+3+1=6

12. কোনো একটি রাজ্যের 10টি জেলার ধান এবং গম উৎপাদনের তালিকা দেওয়া হল।

| জেলা | 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| গম | 12 | 10 | 15 | 19 | 21 | 16 | 18 | 9 | 25 | 10 |
| ধান | 22 | 29 | 12 | 23 | 18 | 15 | 12 | 34 | 18 | 12 |

প্রতিটি শস্যের জন্য—

(i) প্রসার (ii) গড় মাণের সাপেক্ষে গড় পার্থক্য (Mean Deviation about Mean) (iii) মধ্যমার সাপেক্ষে গড় পার্থক্য (Mean Deviation about Median) (iv) চতুর্থক পার্থক্য সমক পার্থক্য (v) (Quantile Deviation) নির্ণয় করো। (vi) কোন্ শস্যের জন্য বৈচিত্র্য (variation) বেশি?

অথবা

একটি ক্রিকেট দলে একজন খেলোয়ার নির্বাচিত হবেন। তাদের পাঁচটি পূর্বের খেলায় করা রানের ভিত্তিতে নির্বাচন করা হবে। তাদের করা রানের তথ্য নিম্নে দেওয়া হল :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| X | 25 | 85 | 40 | 80 | 120 |
| Y | 50 | 70 | 65 | 45 | 80 |

কোন্ খেলোয়ার নির্বাচিত হবেন, যদি

(i) উচ্চতর প্রাপ্ত রানের ভিত্তিতে অথবা (ii) দলের নির্ভরযোগ্য খেলোয়ার হিসাবে? 6